

## ইউনাইটেড কর্মশিয়াল ব্যাংক লি:

শান্তিনগর শাখা, মদিনা হাইটস, ৩২, নিউ সার্কুলার রোড, সিদ্ধেশ্বরী, রমনা, ঢাকা  
অর্থস্বন আদালত আইন-২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মিসেস নাসিমা আক্তার, পিতা-আব্দুল মান্নান, মাতা-মোসাঃ জাহানারা বেগম, আবাসিক ঠিকানা-১০২/৩ (১ম তলা), মনিপুরি পাড়া, ফার্মগেট, ঢাকা, স্থায়ী ঠিকানাঃ ১২৬, তেজকুনিপাড়া (আউলাদ হোসেন মার্কেটের বিপরীতে), তেজগাও, ঢাকা কর্তৃক, ইউনাইটেড কর্মশিয়াল ব্যাংক লিমিটেড, শান্তিনগর শাখা, ঢাকা হইতে গৃহীত ঋণের জামানত হিসেবে নিম্ন তফসিলে বর্ণিত ক্লোট রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিল মূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম মোক্তার দলিল মূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরিপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৫/০৬/২০১৭ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ১,১৮,৩০,৪২০.৭২ (এক কোটি আঠার লক্ষ ত্রিশ হাজার চার শত বিশ টাকা বাহাত্তর পয়শা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত ক্লোট যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

### বন্ধকী সম্পত্তির তফসিল

Dist-Dhaka, P.S.- Ramna, Mouza-Siddeswari, J.L. No. C.S. 287, S.A.-7, R.S.-2, City Jarip-1, C.S. Khatian No.-237, C.S. Plot No.-23, S.A. Khatian No.-136, S.A. Plot No. 46, R.S. Khatian No. 475, R.S. Plot No. 1406, City Jorip Khatian No.-367, City Jorip Plot-519, Mutation Khatian No. -2393, Jote No.-1498/8, undivided & undemarcated proportionate area of land measuring 0082.50 ajutangsha out of 1155 ajutangsha along with 2 (Two) Fat being No.-B-3 & B-4 measuring 2400 sft on the 2nd floor and a car parking space and all other common facilities of the 8 (Eight) storied building named Zahanara Vila, Dhaka City Corporation Holding No.-26/9/1 (Part), Omar Ali Lane, West Rampura, Dhaka.

### নিলামের শর্তাবলী

- আগামী ০৬.০৮.২০১৭ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কর্মশিয়াল ব্যাংক লি: শান্তিনগর শাখা, ঢাকা এর অফিসে রক্ষিত বাস্তব সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- প্রত্যেক দরপত্র দাতাকে উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কর্মশিয়াল ব্যাংক লি:, শান্তিনগর শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে, তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্র দাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদরপত্র দাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাণ্ড বা কম প্রতীয়মান হইলে নিম্ন স্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ব্যাংক কর্তৃপক্ষ সকল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন-রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয় সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারি, আধাসরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা রাজউক,সিটি কর্পোরেশন, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারি প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- দরপত্র জমা দেয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বয়ংস্বয়ের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

৭. দরপত্রের মাধ্যমে নিলামে অংশ গ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
৮. ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন বা সকল দরপত্র গ্রহন বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কর্মশিয়াল ব্যাংক লি., শান্তিনগর শাখা, ঢাকা।